রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ২৫, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/ ২৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০১.২৬.৪২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'** নিম্নরূপে গঠন করেছে :

১.১। **কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | জনাব সালাহউদ্দিন আহমদ<br>মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | আহ্বায়ক |
| (২) | জনাব আবু জাফর মোঃ জাহিদ হোসেন<br>মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং<br>সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | খন্দকার আব্দুল মুক্তাদির<br>মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং<br>বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | জনাব মোহাম্মদ আমিন উর রশীদ<br>মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং<br>কৃষি মন্ত্রণালয় | সদস্য |

| | | |
|---|---|---|
| (৫) | জনাব মোঃ আসাদুজ্জামান<br>মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | জনাব অনিন্দ্য ইসলাম অমিত<br>প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | ব্যারিস্টার কায়সার কামাল<br>প্রতিমন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | মীর শাহে আলম<br>প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | মিজ্ ফারজানা শারমীন<br>প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং<br>সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী | সদস্য। |

১.২। **সহায়তাদানকারী কর্মকর্তাগণ :**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৪) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

(৫) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ

(৬) চিফ অব জেনারেল স্টাফ, সেনাসদর

(৭) পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ

(৮) মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)

(৯) মহাপরিচালক, আনসার ও ভিডিপি

(১০) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই)

(১১) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই)

(১২) মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড

(১৩) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

(১৪) মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.৩। **কমিটির কার্যপরিধি :**

(১) সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি পরিবীক্ষণ, পর্যালোচনা ও উন্নতির সুপারিশ প্রদান;

(২) আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির ক্ষেত্রে কারণ পর্যবেক্ষণ ও চিহ্নিতকরণ এবং তা দূরীকরণে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

(৩) হরতাল, অবরোধ, ধর্মঘট ও জনসাধারণের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহতকারী অন্যান্য ঘটনা প্রতিরোধ এবং এর ফলে জনজীবনে সৃষ্ট দুর্ভোগ ও অচলাবস্থা নিরসনের উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থাসমূহের করণীয় পদক্ষেপ সম্পর্কে পরামর্শ প্রদান; এবং

(৪) উপর্যুক্ত বিষয়াবলির সঙ্গে সম্পর্কিত অন্য যে কোনো বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ প্রদান।

১.৪। স্বরাষ্ট্র মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৫। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২০ আগস্ট ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.২৪.১৪৯ স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd